চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৮ আগস্ট ২০১৭ খ্রি.

জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম মহানগর কমিউনিটি পুলিশিং কমিটির বই বিতরণ অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বঙ্গবন্ধু অবিনশ্বর হিসেবে বাঙালির হৃদয়ে চিরদিন জাগরুক থাকবে। ষড়যন্ত্র করে বঙ্গবন্ধুর নাম বাঙালির হৃদয় থেকে মুছে ফেলা যাবে না। মেয়র ছাত্র-ছাত্রীদের প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি নীতি নৈতিকতা,মূল্যবোধ, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে জানানোর এবং সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান। তিনি বলেন, আজকের প্রজন্ম আগামীদিনের বাংলাদেশ গড়ার কারিগর। তাই আগামী প্রজন্মকে সত্যিকারের দেশপ্রেমিক হিসেবে গড়ে তুলতে শিক্ষকদের অগ্রনী ভুমিকা পালন করতে হবে। মেয়র বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। তাঁর দুরদর্শি নেতৃত্বের কারনে বাংলাদেশ আজ মধ্য আয়ের দেশে পরিণত হয়েছে। ২০৪১ স্যালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। মেয়র স্কুল এবং কলেজের লাইব্রেরীতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস পড়তে ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করার জন্য শিক্ষকদের পরামর্শ দেন। মেয়র বলেন, চসিক পরিচালিত স্কুল কলেজের প্রায় ৬০ হাজার শিক্ষার্থীদের মাঝে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামমুখর রাজনৈতিক,সামাজিক ও ব্যক্তিজীবন,বাঙালির অহংকার মহান মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানা ও নাগরিক নিরাপত্তা নিশ্চিতকরণে কমিউনিটি পুলিশিং এর সহায়ক ভূমিকা সম্পর্কে জ্ঞান দান ও চেতনা সৃষ্টির লক্ষ্যে বঙ্গবন্ধু,মহান মুক্তিযুদ্ধ ও কমিউনিটি পুলিশিং বিষয়ক এই বই বিতরণ করা হচ্ছে। ২৮ আগস্ট ২০১৭ খ্রি. সোমবার, বিকেলে চসিক কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর সহায়তায় ও চট্টগ্রাম মহানগর কমিউনিটি পুলিশিং কমিটির বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম মহানগর কমিউনিটি পুলিশিং কমিটর আহবায়ক দৈনিক আজাদীর সম্পাদক এম এ মালেক। চট্টগ্রাম চেম্বার পরিচালক ও চট্টগ্রাম মহানগর কমিউনিটি পুলিশিং এর সাধারন সম্পাদক অহিদ সিরাজ স্বপন এর সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. ইকবাল বাহার বিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার ও চট্টগ্রাম মহানগর কমিউনিটি পুলিশিং এর প্রধান সমন্বয়ক সালেহ মোহাম্মদ তানভীর, চট্টগ্রাম জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মো. সাহাব উদ্দিন। চসিক শিক্ষা স্বাস্থ্য ষ্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর নাজমুল হক ডিউক, কাউন্সিলর জহুরুল আলম জসিম, সাইয়্যেদ গোলাম হায়দার মিন্টু, হাবিবুল হক সুমন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, উপ পুলিশ কমিশনার দক্ষিণ মোস্তাইন হোসেন, মুক্তিযোদ্ধা এনামুল হক, শিক্ষক মো. নজরুল ইসলাম ও ঝিনুয়ারা বেগম সহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের হাতে বই তুলে দেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম- ২৮ আগস্ট ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে হকার নেতৃবৃন্দের সমন্বয় সভায় ঈদের বন্ধের পর সুশৃংখল ভাবে বিকেলে বসবে হকার

২৭ আগস্ট ২০১৭ খ্রি. রবিবার রাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে নগরীর হকার নেতবৃন্দ মতবিনিময় করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর তারেক সেলায়মান সেলিম, হাসান মুরাদ বিপ্লব, নির্বাহী ম্যাজিস্ট্রেট মিসেস সনজিদা শরমিন, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, কর্পোরেশনের সহকারী স্থপতি আব্দুল্লাহ আল ওমর, চট্টগ্রাম ফুটপাত হকার্স সমিতির সভাপতি নুরুল আলম লেদু, সাধারণ সম্পাদক মো. শালেকুর রহমান, সহ-সভাপতি মো. বেলায়েত হোসেন, সাংগঠনিক সম্পাদক মো.

জসিম উদ্দীন, মো. ইয়াছিন সোহেল, মো. হাসান মুরাদ, সহ সাংগঠনিক সম্পাদক মো. খোকন, অর্থ সম্পাদক মো. নাজির আকন, চট্টগ্রাম হকার্স লীগের সভাপতি নুর আহাম্মদ চৌধুরী, সাধারণ সম্পাদক মো. হারুনুর রশিদ, সহ-সভাপতি এস এম সেলিম, অর্থ সম্পাদক স্বরুপ বড়ুয়া, সাংগঠনিক সম্পাদক মো. কামাল, সহ-সাংগঠনিক সম্পাদক মো. বেলাল হোসেন, সম্মিলিত হকার্স ফেডারেশনের সভাপতি মো. মিরন হোসেন মিলন, চট্টগ্রাম মেট্রো পলিটন হকার্স সমিতির সহ-সভাপতি মো. শাহ আলম ভূঁইয়া, মো. আবুল খায়ের টিটু, যুগ্ম সম্পাদক মো. জসিম উদ্দীন, হকার্স ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক মো. আবু বক্কার ছিদ্দিক, চট্টগ্রাম সিটি হকার্স লীগের সাধারণ সম্পাদক মো. আজগর আলী, সহ-সভাপতি সৈয়দ আবু নাছের, সহ সাধারণ সম্পাদক সৈয়দ মো. জসিম উদ্দিন, প্রচার সম্পাদক মো. আবুল হোসেন উপস্থিত ছিলেন। আগামী ১ সেপ্টেম্বর থেকে পবিত্র ঈদ-উল আজহার বন্ধ থাকায় বন্ধের পর থেকে হকারা শৃংক্সখলা বেষ্টনীর মধ্যে বিকেল ৫টা থেকে ব্যবসা করতে পারবে। এ ছাড়াও শুক্রবারও সরকারি ছুটির দিন সকাল ১০ টা থেকে এবং বৃহস্পতিবার বেলা ২টা থেকে সড়কের এক পাশে হকারা ব্যবসা পরিচালনার জন্য বসতে পারবে। তবে বাজারের উপর কোন হকার বসতে পারবে না। চসিক নিজ খরচে তাদের জন্য সুদর্শন ছাতা ও পরিচয় পত্র দিবে। ভিন্ন ভিন্ন নামের হাকার সংগঠন থাকায় তাদের নিজ নিজ সংগঠনের ব্যানারে জায়গা নির্ধারণ করা হবে। সমন্বয় সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, ৪টি হকার মার্কেট নির্মাণের পরিকল্পনা আছে চসিকের। তিনি নগরীর সৌন্দর্য্য ও সাধারণের অবাধ যাতায়াত নির্বিঘœ করতে হকারদের সহযোগিতা চান। এ প্রসঙ্গে মেয়র বলেন, দেশের নাগরিক হিসেবে হকারদের পুনর্বাসনের বিষয়ে চসিক আন্তরিক।

চট্টগ্রাম- ২৮ আগস্ট ২০১৭ খ্রি.

দি চিটাগাং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর নবনির্মিত কার্যালয়ের শুভ উদ্বোধন

গত ২৬ আগস্ট ২০১৭ খ্রি. তারিখ দি চিটাগাং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর নাসিরাবাদস্থ সোসাইটি আবাসিক ভবনের ২য় তলায় নবনির্মিত সোসাইটি কার্যালয়ের শুভ উদ্বোধন করেন সিটি মেয়র ও দি চিটাগাং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর সভাপতি আ জ ম নাছির উদ্দীন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে সোসাইটির সহ-সভাপতি আলহাজ্ব মোহাম্মদ ইদ্রিছ, সম্পাদক প্রকৌশলী মোঃ কফিল উদ্দীন ইউসুফ (টিসু) এবং সদস্য সর্বজনাব মোহাম্মদ সাজ্জাদ, আলমগীর পারভেজ, সৈয়দ রফিকুল আনোয়ার, মেজবাউল হক (মাসুম), মোঃ নূরুল ইসলাম (মিন্টু) এবং শাহ্ আলম (বাবুল) উপস্থিত ছিলেন। উদ্বোধনকালে সিটি মেয়র বলেন, নবনির্মিত সোসাইটি কার্যালয় সোসাইটির সম্মানিত সদস্যদের সেবা প্রদানে অধিকতর ভূমিকা রাখবে। তিনি শৃংক্সখলা এবং নিয়মানুবর্তিতার মাধ্যমে সদস্যদের সেবা প্রদানের জন্য সোসাইটির সকল কর্মকর্তা-কর্মচারীদের অনুরোধ জানান। মেয়র বলেন, কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা ও আন্তরিক সেবা প্রদানে সোসাইটি কার্যালয়ের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাবে। পরিশেষে তিনি সকলের সার্বঙ্গীন সুন্দর জীবন ও সাফল্য কামনা করেন।

চট্টগ্রাম- ২৮ আগস্ট ২০১৭ খ্রি.

শেরশাহ চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর নবনির্মিত কার্যালয়ের শুভ উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

২৮ আগস্ট ২০১৭ খ্রি. সোমবার, দুপুরে শেরশাহ চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর নবনির্মিত কার্যালয়ের শুভ উদ্বোধন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি ফিতা কেটে এ কার্যালয় উদ্বোধন করেন। এ উপলক্ষে কার্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত সাংবাদিকদের সমাবেশে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর চেয়ারম্যান স্বপন মল্লিক। সংগঠনের সাধারন সম্পাদক হাসান ফেরদৌস এর উপস্থাপনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন অনুষ্ঠানে বিভিন্ন দাবী উত্থাপন করেন সংগঠনের ভাইস েচেয়ারম্যান সমির কান্তি বড়ুয়া। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি রিয়াজ হায়দার, ফেডারেল সাংবাদিক ইউনিয়নের যুগ্ম সাধারন সম্পাদক তপন চক্রবর্তী, অত্র হাউজিং সোসাইটির সাবেক চেয়ারম্যান অঞ্জন কুমার সেন,

দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, দৈনিক আজাদীর বার্তা সম্পাদক এ কে এম জহিরুল ইসলাম, বায়েজিদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল কালাম, চট্টগ্রাম প্রেসক্লাবের যুগ্ম সাধারন সম্পাদক চৌধুরী ফরিদ, চ্যানেল ২৪ এর ব্যুরো চীফ কামাল পারভেজ। মঞ্চে মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সভাপতি সামশুল হক হায়দরী, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সাধারন সম্পাদক মোহাম্মদ আলী সহ অন্যান্য নেতৃবৃন্দ। সাংবাদিক সমাবেশে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সাংবাদিকদের জন্য নির্মাণ খরচে এপার্টমেন্ট নির্মাণ করে দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তিনি সাংবাদিক হাউজিং সোসাইটির রাস্তা সংস্কার, নালা নর্দমা সংস্কার, পানি, সড়কবাতি সহ প্রয়োজনীয় সহযোগিতা দেয়ার আশ্বাস দিয়ে বলেন, সাংবাদিকদের স্বার্থে পাশে আছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, অতিতে পরিকল্পিত নগরায়ন না হওয়ায় নাগরিকদের নানামুখি দূর্ভোগ পোহাতে হচ্ছে। আত্মকেন্দ্রীক চিন্তা পরিহার করে উন্নয়নের স্বার্থে রাজনৈতিক, আঞ্চলিকতা ও সংকির্ণতা পরিহার করে সামনে এগুতে হবে। তিনি অতীতের আলোচনা সমালোচনা পরিহার করে বর্তমান এবং আগামীর চিন্তা মাথায় রেখে পরিকল্পিত নগরায়নে এবং নিরাপদ পরিবেশ নিশ্চিত করার লক্ষে পরিবেশ বান্ধব চট্টগ্রাম গড়ে তোলার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা